চুয়াডাঙ্গার হিজলগাড়ী সিটি ব্যাংকের মালিকের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

চুয়াডাঙ্গার হিজলগাড়ী বাজারে অবস্থিত এজেন্ট সিটি ব্যাংকের মালিক শরিফ উদ্দিনের বিরুদ্ধে গ্রাহকদের সাথে প্রতারণার অভিযোগ উঠেছে। লোন দেবার নামে করে বাড়ি বাড়ি গিয়ে ব্যাংকে এ্যাকাউন্ট খুলিয়ে হাতে মাটা অংকের চেকবই ধরি দিয়েছে।

লোন বা লেনদেন তো দুরের কথা সারাখন ব্যাংক বন্ধ রেখে ব্যাংকের আড়ালে শরিফ উদ্দিন বিদেশি হুণ্ডির কোটি কোটি টাকার কারবার চালিয়ে যাচ্ছেন।

বিষয়টি তদন্তের দাবি জানিয়েছেন প্রতারিত গ্রাহকসহ এলাকাবাসি। অভিযোগে জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ছোটসলুয়া গ্রামের মৃত ঝড়ুমণ্ডলের ছেলে মালয়েশিয়া ফেরত শরিফ উদ্দিন এলাকার একজন স্বিকৃত হুণ্ডি কারবারি।

হুণ্ডির কারবার করতে গিয়ে কয়েকবার পুলিশের হাতে ধরাও পড়েছেন। পুলিশের হাতে ধরা পড়লেও কৌশলে নিজেকে ছাড়িয়ে নিয়েছেন। বিদেশ থেকে আসা হুণ্ডির টাকার কারবার প্রশাসনের চোখ এড়িয়ে করার জন্য কিছুদিন আগে হিজলগাড়ী বাজারে মুক্তিযোদ্ধা মার্কেটের দো তলায় সিটি এজেন্ট ব্যাংক খুলে বসেছেন।

প্রতারণার শিকার কয়েকজন গ্রাহক জানান, শুরুতে এক আধজন স্টাফ নিয়োগ দিয়ে লোন দেবার প্রতিশ্রুতিতে বাড়িতে গিয়ে গিয়ে ১ হাজার টাকার বিনিময়ে গ্রাহকদের ব্যাংক একাউন্ট খোলান। একাউন্ট খোলার পর গ্রাহকদের ওই ১ হাজার টাকার মধ্যে সাড়ে ৭শ টাকা কেটে নিয়ে ৫০ পৃষ্টার একটি চেকবই হাতে তুলে দেয়।

বর্তমানে কথিত ব্যাংকটি বন্ধ রেখে সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে সারাদিন বিদেশ থেকে আসা হুণ্ডির টাকা বিভিন্ন জায়গায় পৌছিয়ে দেবার কাজে ব্যবস্থ থাকেন। তার ব্যবহৃত মোবাইল এবং সিমের তথ্য ট্রাকিংএর মাধ্যমে বের করলে এ যাবত সরকারকে কত টাকা রাজস্ব ফাঁকি দিয়ে লেনদেন করেছেন তার তথ্য বেরিয়ে আসবে।

এরাকাবাসি জানান শরিফ উদ্দিন হুণ্ডির টাকা লেনদেন করেন বিষয়টি এলাকায় ওপেন সিকরেট। বিষয়টি এনবিআর ও গোয়েন্দা শাখাকে খতিয়ে দেখার দাবি জানিয়েছে এলাকাবাসি।

এ ব্যাপারে শরিফ উদ্দিন বলেন, লোকশানের কারণে ব্যাংক বন্ধ রেখেছে। আমি কোন হুণ্ডির টাকা লেনদেন করি না।

দামুড়হুদা ইউপি নির্বাচনে আওয়ামী লীগের নৌকা পেলেন যারা

দামুড়হুদা উপজেলায় আগামী ১১ নভেম্বর দ্বিতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনিত প্রার্থীর তালিকা ঘোষণা করেছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ।

শনিবার (৯ অক্টোবর) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভা প্রার্থী চূড়ান্ত করা হয়।

পরে দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয়। এর মধ্যে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৪ টি ইউনিয়ন রয়েছে।

দামুড়হুদা উপজেলার ইউনিয়নে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের দলীয় (নৌকা) মনোনয়ন পেয়েছেন কার্পাসডাঙ্গায় কার্পাসডাঙ্গা-খলিলুর রহমান ভুট্টো, কুড়ুলগাছি ইউনিয়নে কাফিউদ্দীন টুটুল, দামুড়হুদা সদর ইউনিয়ন হযরত আলী,জুড়ানপুর ইউনিয়নে সোহরাব আলী।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত ২ ব্যবসায়ীর জরিমানা

আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই দোকান মালিককে জরিমানা করা হয়েছে। শুক্রবার আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির এ জরিমানা করেন।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া বাজারে রিদয় মিস্টান্ন ও রিদয় সুভান মিস্টান্ন ভান্ডারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি করা হয়।

এসব অস্বাস্থ্যকর খাবার জনসাধারণের মাঝে বিক্রয় করা হয়। এমন অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গার সহকারি কমিশনার ভূমি ও হাটবোয়ালিয়া ফাঁড়ি পুলিশের সহযোগিতায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। আদালতের মাধ্যমে রিদয় মিস্টান্ন ভান্ডারকে ৮ হাজার ও সুভান মিস্টান্ন ভান্ডারকে ১ হাজার টাকা জরিমানা করে।

আলমডাঙ্গায় বিশ্ব ডিম দিবস পালিত

আলমডাঙ্গার প্রাণীসম্পদ ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে বিশ্ব ডিম দিবস -২০২১ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এ দিবস উপলক্ষে শুক্রবার সকাল ১১ টার দিকে প্রাণী সম্পদ অফিসের হল রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফির সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে কর্মকর্তা ডা. হাদি জিয়াউদ্দিন, আলমডাঙ্গা

বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন, প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা ডা. শরিয়তুল্লাহ, ব্যবসায়ী ইমদাদুল হক হিমেল, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চঞ্চল, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, সাংবাদিক শরিফুল ইসলাম, তানভির সোহেল প্রমূখ।

আলমডাঙ্গার কুমারি ইউনিয়ন নির্বাচনকে ঘিরে মোজাম্মেলের আলোচনা সভা

আলমডাঙ্গার কুমারি ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে কুমারি গ্রামের কারিগর পাড়ায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে দলীয় প্রতিকে নির্বাচনে মাঠে থাকার অঙ্গিকার করেন মনোনয়ন প্রত্যাশী ইউনিয়ন যুবলীগের সভাপতি মোজাম্মেল হোসেন। অনুষ্ঠানে সাবেক সেনা সদস্য কপিল উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কুমারি ইউনিয়ন যুবলীগের সভাপতি ও নৌকা মনোনয়ন প্রত্যাশী মোজাম্মেল হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি জনগণের উদ্দেশ্যে বলেন, আসন্ন কুমারি ইউনিয়ন পরিষদ নির্বাচন। এই নির্বাচনে দলীয় মনোনয়নের মাধ্যমে নির্বাচন মাঠে থাকতে চায়। আমি সারা জিবন ছাত্র রাজনীতির পাশাপাশি যুবলীগের সভাপতি হয়েও সাধারণ জনগণের চিন্তা করি। এই ইউনিয়নের মানুষ আজ নিপীড়িত। রাজনীতি করতে হবে সাধারণ মানুষের জানমালের চিন্তা করে। সাধারণ মানুষকে ভয়ভীতি ও নির্যাতন করে কখনো ভালো হওয়া যায় না। আপনারা আমার জন্য দোয়া করবেন। আমি যেনো আপনাদের খেদমত করার সুযোগ পায়।

আলোচনা সভায় আবুল কাশেমের পরিচালনায় আরো উপস্থিত ছিলেন আজমল হোসেন, জয়নাল আবেদিন, দাউদ আলি মেম্বার, চাঁদ আলি, আলম হোসেন,

আমিরুল ইসলাম, ইয়াকুব আলি, দরাদ আলি ইউচোপ আলি, নটু হোসেন, আজিত, আজিবর, রইচ আলি, মকু প্রমূখ।

চুয়াডাঙ্গায় বিশ্ব ডিম দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বিশ্ব ডিম দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিদিন ডিম খাই, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াই এই প্রতিপাদ্যকে কে সামনে রেখে চুয়াডাঙ্গায় উৎযাপিত হলো বিশ্ব ডিম দিবস। শুক্রবার সকালে সদর উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় থেকে র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ করে।
চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক আয়োজিত আলোচনা সভায় সদর উপজেলা প্রাণিসম্পদ অফিসার এ, এইচ,এম শামিমুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শারমিন আক্তার।
এ সময় তিনি বলেন, পরিবারের সদস্যের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো এবং সুস্থ থাকার জন্য প্রতিদিন এক থেকে দুটি ডিম আমাদের খেতে হবে। ডিম শরিরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির সাথে পুষ্টি চাহিদা মিটিয়ে থাকে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. আনিসুজ্জামান, উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস ও উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়া সহ চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা প্রাণিসম্পদের কর্মকর্তা বৃন্দ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৯ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৯ তম পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব ১৪২৯তম এই আসর অনুষ্ঠিত হয়। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর বিরচিত বিদ্রোহী কবিতার শতবর্ষ উপলক্ষে আজকের পদধ্বনি অনুষ্ঠানটি বিদ্রোহী কবিতাটিকে উৎসর্গ করে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদের সঞ্চালনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন ও গল্পকার মো. আলাউদ্দীন, ইব্রাহিম খলিল, জিল্লুর রহমান রুবেল, হারুন-অর রশিদ, আশিকুজ্জামান আসাদ, ডা. তোফাজ্জেল হোসেন, আনছার আলী,অধ্যক্ষ শাজাহান আলী, আহাদ আলী মোল্লা, এম এ মামুন, সার্থক আলী, উজ্জল হোসেন, শওকত আলী, এম এ হামিদ,আবুল কাশেম, সুমন ইকবাল ও কবি নজমুল হেলাল।

চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ ও এ্যাড. বজলুর রহমান। পঠিত লেখার উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, মো. আলাউদ্দীন ও কাজল মাহমুদ,আহাদ আলী মোল্লা, এ্যাড.বজলুর রহমান। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।

আলমডাঙ্গায় সাইকেল কিনে বাড়ি ফেরা হলো না আনিসের

আলমডাঙ্গা উপজেলায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে আনিস উদ্দিন (৭৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকেল ৫ টার দিকে উপজেলার বেলগাছি গ্রামের মালিতাপাড়ার জামে মসজিদের সামনে এদূর্ঘটনা ঘটে।

নিহত আনিস উদ্দিন একই উপজেলার পাইকপাড়া গ্রামের মৃত আব্দুল গফুরের ছেলে। এঘটনার পর পুলিশ ট্রাকসহ চালক রাজু ও তার সহকারী সেলিমকে আটক করে থানায় নিয়েছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া গ্রামের মৃত আব্দুল গফুরের ছেলে আনিস উদ্দিন। গতকাল বৃহস্পতিবার দুপুরে আলমডাঙ্গায় পুরাতন সাইকেল কিনতে আসে। সাইকেল কিনে বিকেল ৫ টার দিকে বাড়ি ফিরছিলো।

পথের মধ্যে বেলগাছি মালিথাপাড়া এলাকায় পৌঁছালে তিব্র যানজটে আটকে যায় আনিস। এ সময় সে মালিথাপাড়ার মসজিদের নিকট দাড়ালে পিছন থেকে দ্রুত গতিতে আসা ট্রাক তাকে ধাক্কা দেয়। এসময় আনিস ট্রাকের ধাক্কায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই সে মারা যায়।
এ ঘটনায় পর ট্রাক ড্রাইভার দ্রুত গতিতে গাড়ি নিয়ে পালানোর চেষ্টা করে।

এলাকাবাসী ওই গাড়ি ধাওয়া করে গাড়ির চালক ও হেলপারকে আটক করে। খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে। আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে ময়নাতদন্তের জন্য পুলিশ হেফাজতে নেয়।

পরে লাশের পরিবারের লোকজন বাদি না হওয়ায় পুলিশ রাতেই লাশ দাফনের অনুমতি প্রদান করে। নিহত আনিসের লাশ রাতেই পাইকপাড়া কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, আলমডাঙ্গার বেলগাছি গ্রামে ট্রাকের ধাক্কায় চাকায় নিচে পিষ্ট হয়ে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। সুরতহাল রিপোর্ট শেষে লাশ ময়নাতদন্তের

জন্য পুলিশি হেফাজতে নেওয়া হয়। পরিবারের পক্ষ থেকে বাদি না হওয়ায় লাশ দাফনের অনুমতি দেওয়া হয়।

মানুষ এখন খাদ্য অভাবে থাকে না

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন পরিষদের নতুন ভবন উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গার ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এ ভবনের আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এ অঞ্চলের মানুষ রাস্তা দিয়ে চলাচল করতে অনেক কষ্টের সম্মূখিন হত। বর্তমান সরকারের উদ্যোগে এ অঞ্চলের মানুষ পাঁকা রাস্তা দিয়ে চলাচল করে।

নাগদাহ ইউনিয়নের সাধারণ মানুষের এখন চিন্তা নেই। বর্তমানে এ ইউনিয়নের অধিকাংশ রাস্তা পাঁকা। এই অঞ্চলের যে অবশিষ্ট রাস্তা ও ব্রিজের ভোগান্তিতে পড়তে হচ্ছে মানুষের সে গুলোর তালিকা করে নিবে।

তিনি আরো বলেন, বর্তমান সরকার কৃষি, শিক্ষা ও চিকিৎসা সেবা সহ বিভিন্ন মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। এখন মানুষ খাদ্যের অভাবে থাকে না।

উদ্বোধনী অনুষ্ঠানে নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের যুগ্ন-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নান্নু মিয়া, নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান হায়াত, আইলহাস ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি তোফাজ্জেল বিশ্বাস, সাধারন সম্পাদক জাহিদুল

ইসলাম বাদল, মোমিনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিপুল, সাধারন সম্পাদক রতন আলি, বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়াম্যান আমিরুল ইসলাম মন্টু, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, সাধারন সম্পাদক বিল্লাল গনি।

সাবেক চুয়াডাঙ্গা সরকারি কলেজের সভাপতি আশিক ইকবার স্বপনের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি মুনছুর মোল্লা, ইসমাইল হোসেন, আব্দুল খালেক, হাসেম মোল্লা, আব্দুল কুদ্দুস, যুগ্ন সম্পাদক সাইফুল ইসলাম, আলাউদ্দিন মাস্টার, সাংগাঠনিক সম্পাদক বাদল রশিদ, বেল্টু মন্ডল, দপ্তর সম্পাদক ঝন্টু রহমান, আওয়ামীলীগ নেতা দুদ মল্লিক, মরজেম হোসেন, আয়ুব হোসেন, বিপুল জোয়াদ্দার, ডালিম মেম্বার, মনি, মেছের, মুসা, মিয়া, ইকলাচ, বিল্লাল, মাজেদুল।

এছাড়াও বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি – সাধারন সম্পাদক সহ সকল ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃবৃন্দ। উপস্থিত ছিলো।

দর্শনায় শারদীয় দূর্গোৎসব উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় ও আর্থিক অনুদান প্রদান

দর্শনায় শারদীয় দূর্গোৎসব উপলক্ষে নিরাপত্তা ও আইন শৃংখলা বিষয়ক মতবিনিময়সভা ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৪টায় দর্শনা থানা চত্বরে থানার ১৮ টি পৃজা মন্দির কমিটির সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়। অফিসার ইনচার্জ ওসি লুৎফুল কবিরের সভাপত্বি মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস, দর্শনা থানার তদন্ত ওসি শামসুজোহা, দর্শনা থানার সেকেন্ড অফিসার আহম্মেদ আলী বিশ্বাস,এ সময় ১৮ টি পুজা মন্দিরের সভাপতি ও দর্শনা পুরাতন বাজার পৃজা

মন্দিরের সভপতি উত্তম কুমার দেবনাথ, দামুড়হুদা উপজেলার পুজা উৎযাপন কমিটির সভাপতি নিতাই পাল, সধারন সম্পাদক অন্তত সান্তারা, দর্শনা পৌর হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান সভাপতি সমির সরকার, সাধারন সম্পাদক দীপেন ঘোষসহ ১৮ টি পৃজা মন্দিরের সভাপতি ও সাধারন সম্পাদক উপস্হিত ছিলেন, অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা থানার ওসি অপরেশন আবু সাঈদ, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু,ও আওয়াল হোসেন, পরে তারা দেবী ফাউন্ডেশনের উদ্দগে ১৮ টি পুজা মন্দিরে ৩ হাজার টাকা করে অনুদান প্রদান করেন ডায়মণ্ড ওয়াল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগারওয়ালা।